# বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট
ঈশ্বরদী-৬৬২০, পাবনা।

## নিয়োগ বিজ্ঞপ্তি

নং- বিএসআরআই/এন-১/২০২৩/৪৭৮

তারিখ- ২৪/০৮/২০২৩ খ্রি.

বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই), ঈশ্বরদী, পাবনা এর রাজস্বখাতে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হতে মেডিক্যাল অফিসার এর শূন্য পদে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে এবং ২নং হতে ৩২নং ক্রমিকে উল্লেখিত শূন্য পদসমূহে অনলাইন (Online)-এ http://bsri.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা (টি) | বয়স | 'বিএসআরআই এর চাকুরী প্রবিধানমালা-২০০৯' অনুযায়ী নিয়োগ যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | মেডিক্যাল অফিসার<br>৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ০১ | সর্বোচ্চ ৩৫ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে অন্যূন এম.বি.বি.এস ডিগ্রী; এবং (খ) সরকারী/আধা-সরকারী প্রতিষ্ঠানে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ০৩ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিএসসি/বিএজি (কৃষি বিজ্ঞান/কৃষি অর্থনীতি/কৃষি প্রকৌশল) অথবা কৃষি পরিসংখ্যানে স্নাতকোত্তর ডিগ্রী অথবা রসায়ন/ফলিত রসায়ন/উদ্ভিদ বিজ্ঞান/পরিসংখ্যানে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী; এবং<br>(খ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে। | |
| ৩. | জনসংযোগ কর্মকর্তা<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিজ্ঞানে বিএসসি (বিএজি)/সাংবাদিকতা ও গণযোগাযোগ বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; অথবা সাংবাদিকতা ও গণযোগাযোগ বিষয়ে চার বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর অনার্স ডিগ্রীসহ কৃষি গবেষণা সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন/জার্নাল/বার্ষিকী সম্পাদন ও মুদ্রণ ব্যবস্থাপনায়/প্রকাশনায় অন্যূন ২ (দুই) বৎসরের চাকুরী; এবং<br>(খ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে। | |
| ৪. | সহকারী শিক্ষক, পদার্থ বিজ্ঞান (পদার্থ বিজ্ঞান/ফলিত পদার্থ বিজ্ঞান)<br>১৬০০০-৩৮৬৪০/-<br>(গ্রেড-১০) | ০২ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ বি.এড ডিগ্রী; এবং<br>(খ) শিক্ষা জীবনে সকল পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে;<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ৫. | মৌলভী<br>১৬০০০-৩৮৬৪০/-<br>(গ্রেড-১০) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | কোনো স্বীকৃত বোর্ড/বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রী। | |
| ৬. | নির্মাণ ওভারশিয়ার<br>১২৫০০-৩০২৩০/-<br>(গ্রেড-১১) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। | |
| ৭. | অফিস সহকারী<br>১১৩০০-২৭৩০০ (গ্রেড-১২) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী; এবং<br>(গ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ/ শ্রেণী থাকিতে হইবে। | |
| ৮. | দপ্তর সহকারী<br>১১৩০০-২৭৩০০ (গ্রেড-১২) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী; এবং<br>(গ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ/ শ্রেণী থাকিতে হইবে। | |
| ৯. | স্টোর কিপার<br>১১৩০০-২৭৩০০ (গ্রেড-১২) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রী; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরী। | |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা (টি) | বয়স | 'বিএসআরআই এর চাকুরী প্রবিধানমালা-২০০৯' অনুযায়ী নিয়োগ যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১০. | হিসাব সহকারী<br>১১৩০০-২৭৩০০ (গ্রেড-১২) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যির যে কোনো বিষয়ে স্নাতক ডিগ্রী;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসরের চাকুরী; এবং<br>(গ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ১১. | কৃষি ওভারশিয়ার<br>১১৩০০-২৭৩০০/-<br>(গ্রেড-১২) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগের যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট/প্রতিষ্ঠান হইতে কৃষি ডিপ্লোমা। | |
| ১২. | অডিওভিজুয়াল সহকারী<br>১১৩০০-২৭৩০০ (গ্রেড-১২) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) অডিওভিজুয়াল যন্ত্রপাতি ব্যবহারে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। | |
| ১৩. | পরিসংখ্যান সহকারী<br>১১৩০০-২৭৩০০ (গ্রেড-১২) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানে স্নাতক ডিগ্রী;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসরের চাকুরী; এবং<br>(গ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে। | |
| ১৪. | স্টেনো-টাইপিস্ট<br>(পরিবর্তিত পদনাম :<br>সাট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর)<br>১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাংলায় অন্যূন ৬০ (ষাট) শব্দের সাঁটলিপি ও ২৫ (পঁচিশ) শব্দের টাইপিং এর গতি এবং ইংরেজিতে অন্যূন ৮০ (আশি) শব্দের সাঁটলিপি ও ৩০ (ত্রিশ) শব্দের টাইপিং এর গতি; এবং<br>(গ) কম্পিউটার অপারেটিং এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | ফরিদপুর, জামালপুর, লক্ষীপুর পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, দিনাজপুর, ঠাকুরগাঁও, মাগুড়া, কুষ্টিয়া জেলার প্রার্থীগণ আবেদন করতে পারিবেন না। তবে উক্ত জেলাসহ সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধি প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ১৫. | ক্যাশিয়ার গ্রেড-২<br>৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) | ০২ | সর্বোচ্চ ৩০ বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ। | |
| ১৬. | মেকানিক<br>৯৭০০-২৩৪৯০/-<br>(গ্রেড-১৫) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে পেশাগত ট্রেড সার্টিফিকেটপ্রাপ্ত। | |
| ১৭. | করণিক-কাম-মুদ্রাক্ষরিক<br>(পরিবর্তিত পদনাম: অফিস সহকারী -কাম-কম্পিউটার অপারেটর)<br>৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ; এবং<br>(খ) বাংলায় অন্যূন ২০ (বিশ) শব্দের টাইপিং এর গতি এবং ইংরেজীতে অন্যূন ২৫ (পঁচিশ) শব্দের টাইপিং এর গতি। | |
| ১৮. | টাইপিস্ট<br>৯৩০০-২২৪৯০<br>(গ্রেড-১৬) | ০২ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ; এবং<br>(খ) বাংলায় অন্যূন ২০ (বিশ) শব্দের টাইপিং এর গতি এবং ইংরেজিতে অন্যূন ২৫ (পঁচিশ) শব্দের টাইপিং এর গতি। | |
| ১৯. | টাইপিস্ট গ্রেড-২<br>৯৩০০-২২৪৯০<br>(গ্রেড-১৬) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ; এবং<br>(খ) বাংলায় অন্যূন ২০ (বিশ) শব্দের টাইপিং এর গতি এবং ইংরেজিতে অন্যূন ২৫ (পঁচিশ) শব্দের টাইপিং এর গতি। | |
| ২০. | কার্পেন্টার<br>৯৩০০-২২৪৯০<br>(গ্রেড-১৬) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত। | |
| ২১. | ড্রাইভার<br>৯৭০০-২৩৪৯০/-<br>(গ্রেড-১৫) ভারী লাইসেন্স<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) হালকা লাইসেন্স | ০৪ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) Motor Vehicle Ordinance, 1983 (Ord. No. LV of 1983) এর অধীনে প্রদত্ত বৈধ লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা (টি) | বয়স | 'বিএসআরআই এর চাকুরী প্রবিধানমালা-২০০৯' অনুযায়ী নিয়োগ যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ২২. | পরীক্ষাগার পরিচর<br>৮৫০০-২০৫৭০ (গ্রেড-১৯) | ০২ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | গোপালগঞ্জ, জামালপুর, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, নীলফামারী, ঠাকুরগাঁও, নড়াইল, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরগুনা জেলার প্রার্থীগণ আবেদন করতে পারিবেন না। তবে উক্ত জেলাসহ সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধি প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২৩. | বাবুর্চি<br>৮৫০০-২০৫৭০ (গ্রেড-১৯) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) অষ্টম শ্রেণী উত্তীর্ণ; এবং<br>(খ) রান্না এবং খাদ্য প্রস্তুতের কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। | |
| ২৪. | পিয়ন<br>(পরিবর্তিত পদনাম: অফিস সহায়ক)<br>৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ০৪ | সর্বোচ্চ ৩০ বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ২৫. | রন্ধন সহকারী<br>৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। | |
| ২৬. | নিরাপত্তা প্রহরী<br>৮২৫০-২০০১০<br>(গ্রেড-২০) | ০৯ | সর্বোচ্চ ৩০ বৎসর | (ক) অষ্টম শ্রেণী উত্তীর্ণ; এবং<br>(খ) সুঠাম দেহের অধিকারী হইতে হইবে;<br>(গ) সেনাবাহিনী, পুলিশ বা আনসার বাহিনী হইতে অবসরপ্রাপ্ত সদস্যগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে। | |
| ২৭. | অতিথি ভবন পরিচর<br>৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ২৮. | ম্যাসেঞ্জার<br>(পরিবর্তিত পদনাম : বার্তা বাহক)<br>৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। | |
| ২৯. | দপ্তরী<br>৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ০২ | সর্বোচ্চ ৩০ বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৩০. | হোস্টেল বেয়ারার<br>৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ০২ | সর্বোচ্চ ৩০ বৎসর | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৩১. | ট্রাক্টর সহকারী<br>৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। | |
| ৩২. | সুইপার<br>(পরিবর্তিত পদনাম: পরিচ্ছন্নতা কর্মী)<br>৮২৫০-২০০১০<br>(গ্রেড-২০) | ০১ | সর্বোচ্চ ৩০ বৎসর | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। | |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

১। (ক) ১নং ক্রমিকে উল্লিখিত মেডিক্যাল অফিসার পদে আবেদনকারী বয়স সর্বোচ্চ ৩৫ বৎসর হতে হবে।

(খ) উক্ত পদে আবেদনে ইচ্ছুক প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের **'মডেল ফরম'** অনুযায়ী আবেদন করতে হবে যা **Website: www.bsri.gov.bd** এ পাওয়া যাবে। আবেদনপত্র ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা বরাবর নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি বা হাতেহাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

(i) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নামসহ) সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্রের অনুলিপি।

(ii) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(iii) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নামসহ) সত্যায়িত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশন মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের অনুলিপি।

(iv) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি।

(V) আবেদনপত্রের সাথে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট বরাবরে জনতা ব্যাংক লিমিটেড, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট শাখা, পাবনা এর অনুকূলে প্রেরণ করতে হবে।

(গ) (i) ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র জমাদানের শুরুর তারিখ ও সময়: ২৮/০৮/২০২৩ খ্রি. সকাল ০৯:০০ টা।

(ii) ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১২/০৯/২০২৩ খ্রি. বিকাল ০৪:০০ টা।

২। ২ নং হতে ৩২ নং ক্রমিকে উল্লিখিত পদসমূহে আবেদনকারীর বয়স ২৮/০৮/২০২৩ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে থাকতে হবে। বিএসআরআই রাজস্বখাতে চাকরিতে নিয়োজিত আছেন এইরূপ বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য হবে। শুধু বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় ডাকা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৪। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুয়া বা ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

৬। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজ/সনদপত্রের মূল কপি/সত্যায়িত অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে) সঙ্গে আনতে হবে :

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে);

খ) ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);

ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান অথবা বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান কোটার প্রার্থীকে আবেদন পত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সনদ (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (পদবি ও নামের সীলসহ) করে সংযুক্ত করতে হবে;

চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীকে বীর মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র;

ছ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;

জ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঝ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঞ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ট) প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সনদ;

ঠ) ডাউনলোডকৃত Applicant's copy;

ঢ) লিখিত পরীক্ষার প্রবেশপত্র;

৭। আবেদনকারীকে তার পিতার নাম, মাতার নাম, জন্মতারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যে ভাবে লেখা রয়েছে অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবহু সেভাবে লিখতে হবে।

৮। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন তবে তিনি সরাসরি নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হবেন না।

৯। কোন ধরনের তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১০। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে।

১১। বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট এর Website: www.bsri.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতৎসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে।

১২। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। নিয়োগযোগ্য পদসংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

১৪। আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক) ২নং হতে ৩২নং ক্রমিকে উল্লিখিত পদে আবেদনে ইচ্ছুক প্রার্থীগণকে http://bsri.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরুপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২৮/০৮/২০২৩ খ্রি. সকাল ১০:০০ টা।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১২/০৯/২০২৩ খ্রি. বিকাল ৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়, বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid মোবাইল ফোন নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ০২ থেকে ১৩ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৩৪/- (চৌত্রিশ) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৩৩৪/- (তিনশত চৌত্রিশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দেবেন। ক্রমিক নং ১৪ থেকে ৩২ নং এ বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ২২৩.০০ (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দেবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**প্রথম SMS:** BSRI<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **BSRI ABCDEF**

- Reply: Applicant's Name, TK-(Application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BSRI<Space> Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** BSRI<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: **BSRI YES 12345678**

- Reply: Congratulations Applicant's Name, payment completed Successfully for BSRI Application for post XXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http:// bsri.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Psssword ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে:

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

I. **User ID জানা থাকলে:** BSRI<space>Help<space>User ID & Send to 16222.

Example: **BSRI Help User ABCDEF** & send to 16222.

II. **PIN Number জানা থাকলে:** BSRI<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: **BSRI Help PIN 12345678** & send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট এর Website: www.bsri.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতৎসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.bsri.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা bsri@bsri.gov.bd ইমেইলে যোগাযোগ করা যাবে। (Email এর subject-এ Organization Name: **BSRI** Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

ট. **ডিক্লারেশন :**

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২৪/০৮/২০২১

(ড. তোফায়েল আহমেদ)
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (চলতি দায়িত্ব)
এবং
সদস্য-সচিব, বিএসআরআই পদোন্নতি/নিয়োগ কমিটি